আজকের কাগজ

তারিখ .. 09 AUG 1992 ...

পৃষ্ঠা ৭ কলাম ৪

# কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার শতকরা ৬২ দশমিক ২৬

**কাগজ প্রতিবেদক :** গতকাল কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯২ সনে এপ্রিল-মে মাসে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। মোট ১ লাখ ৩৪ হাজার ২শ' ৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ২৮ হাজার ৬শ' ৫৫ জন অংশ নিয়ে ৮০ হাজার ৯৯ জন পরীক্ষায় কৃতকার্য হয়েছে। পাসের হার ৬২ দশমিক ২৬। পরীক্ষায় প্রথম বিভাগে ৩৩ হাজার ৭শ' ৫২ জন, দ্বিতীয় বিভাগে ৩০ হাজার ৮শ' ৫৬ জন, তৃতীয় বিভাগে ১৫ হাজার ৪শ' ৯১ জন পাস করেছে।

পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ৮৩ হাজার ৪শ' ৭৬ জন ছাত্র এবং ৪৫ হাজার ১শ' ৭৯ জন ছাত্রী ছিলো। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রদের পাসের হার ৬৪ দশমিক ৭৭ এবং ছাত্রীদের পাসের হার শতকরা ৫৭ দশমিক ৬৭।

পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় এবং সাধারণ বিজ্ঞান বিভাগে কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র আরিফুজ্জামান রোল ১০৪৯৯৫, ৮৯৯ নম্বর পেয়ে প্রথম হয়েছে। একই কলেজের মোহাম্মদ জামিল হোসেন রোল-১০৫০০২, ৮৯৭ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান লাভ করেছে। কুমিল্লা ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী ফাহমিদা নওয়াজেশ রোল ৯৬৫১৮, ৮৯৬ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে।

সমাজ বিজ্ঞান বিভাগে কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র রোল-৩১৫১৮ রাহাত বিন জামান ৮৬৬ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে। একই কলেজের এন এম মহিবুল হাসান রোল ৩১৫১৬, ৮৬৪ নম্বর পেয়ে মেধা তালিকায় দ্বিতীয় এবং অরুয়াইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোহাম্মদ জহির উদ্দিন রোল ৭২৭১২, ৮৫৬ নম্বর পেয়ে মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকার করেছে।

সাধারণ বিজ্ঞান বিভাগে মোট ৫২ হাজার ৯শ' ৫৫ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪০ হাজার ২শ' ৩০ জন উত্তীর্ণ হয়। এর মধ্যে প্রথম বিভাগে ২৩ হাজার ৩শ' ৯৩ জন দ্বিতীয় বিভাগে ১১ হাজার ১শ' ৫৪ জন এবং তৃতীয় বিভাগে ৫ হাজার ৬শ' ৮৩ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৭৫ দশমিক ৯৭। সমাজ বিজ্ঞান বিভাগে মোট ৭৫ হাজার ৭শ' পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে মোট ৩৯ হাজার ৮শ', ৬৯ জন পাস করে। এর মধ্যে ১০ হাজার ৩শ' ৫৯ জন প্রথম বিভাগ, ১৯ হাজার ৭শ' ২ জন দ্বিতীয় বিভাগ, এবং ৩৯ হাজার ৮শ' ৬৯ জন তৃতীয় বিভাগে কৃতকার্য হয়েছে। পাসের হার শতকরা ৫২ দশমিক ৬৭। পরীক্ষায় ৫ হাজার ৪শ' ৬৬ জন প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশ নিয়ে ১শ' ৯ জন প্রথম বিভাগ, ১ হাজার ৮৮ জন দ্বিতীয় বিভাগ এবং ৫শ' ৯০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৩২ দশমিক ৭৯।